# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১৫২) কোন মানুষ যদি মোজা খুলে ফেলে, তারপর ওযু বিনষ্ট হওয়ার আগেই তা আবার পরিধান করে নেয়, তবে তার উপর মাসেহ করা জায়েয হবে কি না?

মোজা খোলার পর ওযু থাকাবস্থায় আবার তা পরিধান করার দু’টি অবস্থাঃ

প্রথম অবস্থাঃ হয়তো এটা তার প্রথম ওযু হবে। অর্থাৎ- প্রথমবার ওযু করার পর মোজা পরিধান করেছে কিন্তু সেই ওযু ভঙ্গ হয়নি, তাহলে তো কোন অসুবিধা নেই। মোজা খুলে আবার পরিধান করলে তাতে প্রয়োজনের সময় মাসেহ করতে পারবে।

দ্বিতীয় অবস্থাঃ মোজার উপর একবার মাসেহ করার পর উহা খুলে ফেলেছে, তবে উহা পুনরায় পরিধান করলে তাতে আবার মাসেহ করা জায়েয হবে না। কেননা মোজার উপর মাসেহ করার শর্ত হচ্ছে পানি দ্বারা পূর্ণ পবিত্রতা অর্জন করার পর তা পরিধান করা। কিন্তু এই লোক তো মাসেহের মাধ্যমে পবিত্রতা অর্জন করেছে। বিদ্বানদের কথা থেকে এটাই জানা যায়।

কিন্তু কেউ যদি বলে যে, পবিত্র থাকাবস্থায় যদি পুনরায় মোজা পরিধান করে- যদিও মাসেহের মাধ্যমে পবিত্রতা অর্জন করে থাকে- তবে তো সময় সীমা থাকলে মাসেহ করতে কোন বাধা থাকার কথা নয়। এটা শক্তিশালী কথা। কিন্তু আমি জানি না কেউ এরকম মত প্রকাশ করেছেন। এ ধরণের কথা কে বলেছেন এরকম কারো নাম না জানার কারণে আমি এ মত পোষণ করতে চাই না। বিদ্বানদের মধ্যে কেউ যদি বলে থাকেন, তবে আমার মতে সেটাই বিশুদ্ধ। কেননা মাসেহের মাধ্যমে পবিত্রতা অর্জন তো পরিপূর্ণ। এখানে কোন ত্রুটি নেই। সুতরাং ধৌত করার মাধ্যমে পবিত্রতা অর্জন করে যদি মাসেহ করা যায়, তবে মাসেহের মাধ্যমে পবিত্রতা অর্জন করেও তো তাতে মাসেহ জায়েয হওয়া উচিৎ। কিন্তু এ রকম মত প্রকাশের পক্ষে আমি কোন আলেমে দ্বীনকে পাইনি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=683

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন